

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
কুষ্টিয়া।
www.dwa.kushtia.gov.bd

স্মারক নং- ৩২.০১.৫০০০.০০০.২৫.০১০.১৭. ২২৭/০

তারিখঃ ০৭/০৯/২০২৩খ্রি.।

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি



এতদ্বারা উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়ায় ৩ মাস মেয়াদী ৫ টি ট্রেডের ১০০ জন প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২০/০৯/২০২৩খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় (সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) ফরম গ্রহণ এবং জমা দেওয়া যাবে। সাক্ষাতকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।

ট্রেড সমূহঃ

- (ক) আধুনিক দর্জি বিজ্ঞান, (খ) বিউটিফিকেশন
(গ) প্যাকেট তৈরী (ঘ) শো-পিচ তৈরী
(ঙ) খাদ্য প্রক্রিয়াজাতকরণ

শর্তাবলীঃ

১. প্রার্থীকে উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়ার নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
২. ১৮ হতে ৪৫ বছর বয়সের মহিলাগণ আবেদন করতে পারবেন।
৩. নাগরিকত্ব, চারিত্রিক সনদপত্র ও সদ্য তোলা ২ কপি পাশপোর্ট আকারের ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
৪. বিধবা, তালাক প্রাপ্তা অসহায়, গরীব ও পারিবারিক নিরাপত্তাহীন মহিলাদের ভর্তির বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে।
৫. যারা পূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তারা আবেদন করতে পারবেন না।
৬. প্রশিক্ষণ গ্রহণকালে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বরাদ্দ সাপেক্ষে হাজিরা ভিত্তিতে সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন বাদে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে ভাতা প্রদান করা হবে।
৭. প্রশিক্ষণ গ্রহণ কালে প্রশিক্ষণের নিয়ম কানুন মেনে চলতে হবে।
৮. প্রার্থীকে কমপক্ষে ৫ম শ্রেণী পাশ হতে হবে।


(নূরুে সফুরা ফেরদৌস)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
কুষ্টিয়া।
ফোন- ০২৪৭৭৭৮২৪৩৭


সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া।
৪. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।
৫. উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, কুষ্টিয়া।
৬. সম্পাদক-----
৭. নোটিশ বোর্ড।
৮. অফিস কপি।